



## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নং - +৮৮০-২-৮১৮১৩৩৭

ফ্যাক্স নং - +৮৮০-২-৮১৮১০১৫

ই-মেইল: info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

### এক্স রে স্থাপনা/বিকিরণ উৎস উৎপাদনকারী যন্ত্রপাতির নতুন লাইসেন্স গ্রহণের সাধারণ নিয়মাবলী

- ১। X-ray Machine এর লাইসেন্সের জন্য গ-শ্রেণীর আবেদন ফরম ৫০/- টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলায় অভ্যর্থনা হতে সংগ্রহ করতে হবে।
- ২। আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। প্রয়োজনে অত্র কর্তৃপক্ষের বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের সহযোগিতা নেওয়া যেতে পারে।
- ৩। পূরণকৃত আবেদন ফরমে আবেদনকারীর/ লাইসেন্সধারীর পূর্ণ নাম (বাংলায় এবং ইংরেজীতে), পদবী স্বাক্ষর ও সীলসহ তারিখ অবশ্যই থাকতে হবে।
- ৪। “বাঃ পঃ শঃ নিঃ কঃ রেগুলেটরী ফি” এই শিরোনামে পানিবিদ্য বিধিমালা-৯৭ এর তফসীল-৬ অনুযায়ী প্রতিটি মেডিকেল ডায়াগনস্টিক এক্স-রে মেশিনের জন্য ফি ১৫,০০০/- (পনের হাজার) টাকা যে কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পূরণকৃত ফরমের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ছাড়া কোন নগদ টাকা গ্রহণ করা হয়না।
- ৫। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবেঃ
  - (ক) লাইসেন্স প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ডাক্স বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭। বরাবর লিখিত একটি আবেদনপত্র;
  - (খ) প্রদানকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ অতিরিক্ত টাকা প্রদান করতে হবে।
  - (গ) ফি এবং ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে “বাপশনিক রেগুলেটরী ফি” শিরোনামে পে-অর্ডার/ডি ডি এর মাধ্যমে প্রদান করতে হবে।
  - (ঘ) যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম
  - (ঙ) যথাযথভাবে পূরণকৃত বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার আবেদন পত্র যা অফিস থেকে সরবরাহ করা হয়েছে;
  - (চ) বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
  - (ছ) বিকিরণ কর্মীদের ব্যক্তি পরীক্ষণের জন্য স্বাস্থ্য পদার্থ বিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ৪ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, পোঃ বাক্স নং-১৬৪, রমনা ঢাকা-১০০০ (ফোনঃ ৮৬২১৩২১, ৯৬৭৫০১১, ফ্যাক্সঃ ৮৬১৩০৫১) হতে টিএলডি ব্যাজ প্রাপ্তির প্রমাণপত্র অথবা প্রাপ্তির নিমিত্তে আবেদনপত্রের সত্যায়িত কপি
  - (জ) অনুঃ-৪-এ বর্ণিত লাইসেন্স ফি প্রদানের প্রমাণপত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি।
- (৬) প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র অথবা লাইসেন্স ফি প্রদানের প্রমাণ (অর্ডার/ব্যাংক ড্রাফট) এর মধ্যে কোন সমস্যা থাকলে লাইসেন্স প্রদানের প্রক্রিয়া বিলম্বিত হতে পারে।
- (৭) পরিপূর্ণ তথ্য অত্র কর্তৃপক্ষে পৌছানোর তারিখ দরখাস্ত গ্রহণের তারিখ হিসাবে গন্য হবে।
- (৮) আবেদনপত্র গ্রহণ করার পর প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।
- (৯) পরিপূর্ণ ঠিকানা সম্বলিত অফ্রায়নপত্র ছাড়া কোন তথ্য গ্রহণ করা হবে না।

উপরোক্ত বিষয়ে আরো অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে এবং যথাযথ অফ্রায়নপত্র ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ (কক্ষ নং-৩০১)

ফোন নং ৮১৮১৩৩৭

অফ্রায়ন নং. ৮১৮১৩৩৭